

ড্রাগন আর একাকিনী

ড্রাগনের চোখ থেকে কোথায় পালাবে তুমি
পিঠে পড়ছে গরম নিশ্বাস
সোজা রাস্তা, অন্ধি গলি, গলিতে ঢুকলেই ভয়,
জায়গা নেই অটোতে, ট্রেকারে!

পার্কের বুড়োদের আড্ডা, বাঁ পাশে ড্রাগের ঠেক,
শীত পড়ছে, ওড়না ঠিক করে
মাথায় জড়িয়ে নিয়ে কোথায় পালাবে ভাবছ
পায়ে ফোঁস্ক নতুন জুতোয়

পিঠে ড্রাগনের চোখ, ভুলে গেছ একাকিনী সিনেমার
জাসুসি কাহানি...
ভুলে গেছ চোখে - চোখে যতসব নতুন প্রস্তাব

এই কেউ দেখে ফেলবে, বাড়িতে ছাত্রীরা বসে
সব্জিবাজারের মৃদু টেমির আলোয় দেখলে এখনও সে
অশ্বের মতন...
যে - দিকে তাকাচ্ছে সেই ড্রাগন সিরিজ থেকে কী - বরফ
অন্ধকার চোখদুটো তার
যার হাত ধরে তুমি, হ্যাঁ তুমিই, তুমি তুমি
বলেছিলে, 'চশমা খোলো,
চশমা খোলো, প্রফেসার, তোমার ওই চোখদুটো আমার!'

পিনাকী ঠাকুর

